
# যুক্তরাষ্ট্র পর্যবেক্ষণ করছে গাজার যুদ্ধবিরতি ড্রোনের মাধ্যমে



সংগৃহীত ছবি

গাজা উপত্যকায় যুদ্ধবিরতি কার্যকরভাবে পর্যবেক্ষণের জন্য যুক্তরাষ্ট্র এখন ড্রোন ব্যবহার করছে। নিউইয়র্ক টাইমস-এর বরাত দিয়ে মিডল ইস্ট আই জানিয়েছে, ইসরায়েল যুক্তরাষ্ট্রকে এই মানববিহীন উড়োজাহাজ ব্যবহারের অনুমতি দিয়েছে। দক্ষিণ ইসরায়েলে স্থাপিত নতুন সিভিল-মিলিটারি কো-অর্ডিনেশন সেন্টারের মাধ্যমে এসব ড্রোন পরিচালিত হচ্ছে।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, যুদ্ধের প্রাথমিক পর্যায়ে হামাস নেতাদের অবস্থান ও জিম্মিদের সন্ধানে যুক্তরাষ্ট্র একই ধরনের ড্রোন ব্যবহার করেছিল। এবার সেই প্রযুক্তিই কাজে লাগানো হচ্ছে যুদ্ধবিরতি পর্যবেক্ষণ ও পরিস্থিতি মূল্যায়নে।

এদিকে, গাজার ভবিষ্যৎ প্রশাসন নিয়ে নতুন উদ্যোগ নিয়েছে হামাসসহ প্রধান ফিলিস্তিনি রাজনৈতিক দলগুলো। শুক্রবার এক যৌথ বিবৃতিতে তারা জানিয়েছে, যুদ্ধ-পরবর্তী গাজার শাসনভার একটি স্বাধীন টেকনোক্র্যাট কমিটির হাতে দেওয়ার বিষয়ে তারা একমত হয়েছে।

হামাসের ওয়েবসাইটে প্রকাশিত বিবৃতি অনুযায়ী, কায়রোতে অনুষ্ঠিত বৈঠকে সিদ্ধান্ত হয়— টেকনোক্র্যাটদের সমন্বয়ে গঠিত অস্থায়ী এই কমিটি আরব দেশ ও আন্তর্জাতিক সংস্থার সহযোগিতায় গাজার জীবনযাত্রা, পুনর্গঠন এবং মৌলিক সেবা নিশ্চিত করবে।

বিবৃতিতে আরও বলা হয়, ফিলিস্তিনি জনগণের সম্মুখীন চ্যালেঞ্জ মোকাবিলা এবং জাতীয় ঐক্য জোরদারে সব পক্ষ একসঙ্গে কাজ করার অঙ্গীকার করেছে।

LENS ASIA